



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
খাদ্য অধিদপ্তর
সরবরাহ, বন্টন ও বিপণন বিভাগ
খাদ্য ভবন, ১৬ আব্দুল গণি রোড, ঢাকা-১০০০
www.dgfood.gov.bd

স্মারক নম্বর: ১৩.০১.০০০০.০৫২.৫৭.০০১.২০.২৩৮

তারিখ: ১০ আশ্বিন ১৪২৯

২৫ সেপ্টেম্বর ২০২২

বিষয়: খাদ্যবান্ধব কর্মসূচির সাপ্তাহিক খাদ্যশস্য বিক্রয় দিবস সংখ্যা বর্ধিতকরণ।

সূত্র: খাদ্য মন্ত্রণালয়ের ২৭/০৮/২০২২ তারিখের ১৩.০০.০০০০.০৪৬.৫১.০০১.১৭.৩৪৭ নং স্মারক।

উপর্যুক্ত বিষয় ও সূত্রস্থ স্মারকের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, বর্তমানে সারাদেশে 'ইউনিয়ন ডিজিটাল সেন্টারের' উদ্যোক্তাদের মাধ্যমে ভোক্তার তথ্য জাতীয় পরিচয়পত্রের সাথে যাচাইয়ের মাধ্যমে খাদ্যবান্ধব কর্মসূচির ভোক্তাদের পূর্ণাঙ্গ শুল্ক ডিজিটাল ডাটাবেজ প্রণয়ন কার্যক্রম চলমান রয়েছে। খাদ্য মন্ত্রণালয়ের সূত্রস্থ স্মারক পত্রে খাদ্যবান্ধব কর্মসূচির ভোক্তাদের ডিজিটাল ডাটাবেজে যাচাইকৃত তালিকা অনুযায়ী খাদ্যশস্য বিতরণের অনুমোদন প্রদান করা হয় এবং যাদের যাচাই কার্যক্রম সম্পন্ন হয়নি সেসকল ভোক্তা যাচাই সাপেক্ষে এ মাস হতেই খাদ্যশস্য উত্তোলন করতে পারবেন মর্মে জানানো হয়। উল্লেখ্য, ডিজিটাল ডাটাবেজ হতে প্রাপ্ত সর্বশেষ তথ্য অনুযায়ী এ পর্যন্ত সর্বমোট ৪১,৮৭,৯২৯জন ভোক্তার যাচাই কার্যক্রম সম্পন্ন হয়েছে। অপরদিকে, খাদ্য অধিদপ্তরের এমআইএসএন্ডএম বিভাগের অদ্য ২৫/০৯/২০২২ তারিখের প্রতিবেদন হতে দেখা যায় যে, সেপ্টেম্বর/২২ মাসে অদ্যাবধি ৯৯,২৯১ মে.টন চাল উত্তোলন করা হয়েছে এবং ৫৫,২৩০ মে.টন চাল বিক্রয় করা হয়েছে, যা প্রত্যাশিত পরিমাণের চেয়ে অনেক কম। এ বিষয়ে উল্লেখ্য, খাদ্যবান্ধব কর্মসূচি নীতিমালা-২০১৭ এর অনুচ্ছেদ ৮.৫ অনুযায়ী, “সপ্তাহের রবি থেকে বৃহস্পতিবার পর্যন্ত ০৫ দিনের মধ্যে যে কোন ২ বা ৩ দিন খাদ্যশস্য বিতরণ করা হবে”। খাদ্যবান্ধব কর্মসূচির খাদ্যশস্য উত্তোলন ও বিক্রয় প্রত্যাশিত পরিমাণের চেয়ে কম হওয়ায় খাদ্যবান্ধব কর্মসূচির আওতায় যাচাইকৃত সকল ভোক্তাদের খাদ্যশস্য প্রাপ্তি নিশ্চিতকরণার্থে সেপ্টেম্বর/২২ মাসের অবশিষ্ট দিনগুলিতে বিক্রয় দিবস সংখ্যা বৃদ্ধি করা প্রয়োজন মর্মে প্রতীয়মান হয়।

এমতাবস্থায়, চলতি সেপ্টেম্বর/২২ মাসে খাদ্যবান্ধব কর্মসূচির সাপ্তাহিক খাদ্যশস্য বিক্রয়দিবস ২ বা ৩ দিন হতে সুবিধাজনকভাবে বর্ধিত করে নির্ধারিত সময়ের মধ্যে খাদ্যশস্য উত্তোলন ও বিক্রয় নিশ্চিত করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হলো।

এতে যথাযথ কর্তৃপক্ষের অনুমোদন রয়েছে।

২৫-৯-২০২২

তপন কুমার দাস

পরিচালক (চলতি দায়িত্ব)

ফোন: +৮৮-০২-৪১০৫০০৯১

ফ্যাক্স: +৮৮-০২-৯৫৮৫০৯০

ইমেইল: dsdm@dgfood.gov.bd

আঞ্চলিক খাদ্য নিয়ন্ত্রক, ঢাকা/খুলনা/রংপুর/চট্টগ্রাম/সিলেট/বরিশাল/
রাজশাহী/ময়মনসিংহ

স্মারক নম্বর: ১৩.০১.০০০০.০৫২.৫৭.০০১.২০.২৩৮/১(৬৭)

তারিখ: ১০ আশ্বিন ১৪২৯

২৫ সেপ্টেম্বর ২০২২

সদয় অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হল:

- ১) মহাপরিচালক (গ্রেড-১), খাদ্য অধিদপ্তর
- ২) অতিরিক্ত মহাপরিচালক, অতিরিক্ত মহাপরিচালকের দপ্তর, খাদ্য অধিদপ্তর
- ৩) সিস্টেম এনালিস্ট, কম্পিউটার নেটওয়ার্ক ইউনিট, খাদ্য অধিদপ্তর
- ৪) জেলা খাদ্য নিয়ন্ত্রক (সকল)



২৫-৯-২০২২

রিয়াজ মাহমুদ

উপপরিচালক